# 2017

# HISTORY

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

| | |
|---|---|
| *Q. No. **1** carries **1** mark each* | 1×12 = 12 |
| *Q. No. **2** carries **2** marks each* | 2×12 = 24 |
| *Q. No. **3** carries **5** marks each* | 5×8 = 40 |
| *Q. No. **4** carries **6** marks each* | 6×3 = 18 |
| *Q. No. **5** carries **6** marks each* | 6×1 = 6 |
| | Total = 100 |

1. Answer the following questions : 1×12=12

নিচের প্রশ্নসমূহের উত্তর দাও ঃ

(a) Who first deciphered Brahmi and Kharosthi Scripts ?

ব্রাহ্মী এবং খরোস্টী অক্ষরের লিপি কে প্রথম পাঠোদ্ধার করেছিলেন?

(b) What was 'Kutagarashala' ?

'কুতাগরশালা' কী?

(c) By which name Assam was known in ancient times ?

প্রাচীনকালে অসম কী নামে পরিচিত ছিল?

(d) Where did peasant revolt first take place in Assam ?

অসমের কোথায় প্রথম কৃষকবিদ্রোহ হয়েছিল?

(e) Who is the writer of the 'Rihla' ?

'Rihla'-র লেখক কে?

(f) Where was Guru Nanak born ?

গুরুনানকের জন্ম কোথায় হয়েছিল?

(g) What was 'Milkiyat' ?

'মিলকিয়াত' কী?

(h) Who wrote the 'Humayun Nama' ?

'হুমায়ুন নামা'র রচয়িতা কে ছিলেন?

(i) What was 'Damin-i-koh' ?

'Damin-i-koh'-কী?

(j) When was the first All-India Census carried out ?

ভারতবর্ষে প্রথম লোকগণনা কবে করা হয়েছিল?

(k) Who represented the Congress in the Second Round Table Conference ?

দ্বিতীয় Round table সভাতে কংগ্রেসকে কে প্রতিনিধিত্ব করেছিলেন?

(l) Who was the Chairman of the Drafting Committee of the Indian Constitution ?

ভারতীয় সংবিধানের খসড়া প্রস্তুত সমিতির সভাপতি কে ছিলেন?

2. Answer the following questions in brief : 2×12=24

নিম্নে প্রদত্ত প্রশ্নসমূহের সংক্ষিপ্ত উত্তর লেখো ঃ

(a) Mention *any two* characteristics of the Harappan civilization.

হরপ্পা সভ্যতার *যে কোনো দুটি* বৈশিষ্ট্য উল্লেখ করো।

(b) Write *any two* duties fixed by the 'Manusmriti' for the Chandalas.

'মনুস্মৃতি'-তে চণ্ডালদের জন্য নির্ধারিত *যে কোনো দুটি* কর্তব্যের বিষয়ে লেখো।

(c) What was the original name of Ajan Pir ? Why is he known as Ajan Pir ?

আজান পীরের আসল নাম কী? তিনি এই নামে কেন পরিচিত ছিলেন?

(d) What do you understand by the Inner-line Regulation Act of 1873 ?

১৮৭৩ সালের অন্তর্বর্তী সীমা নিয়ন্ত্রণ আইন বলতে কী বোঝ?

(e) What were the technologies used in medieval India to increase agricultural production ?

মধ্যযুগের ভারতবর্ষে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কী কী প্রযুক্তি ব্যবহার করা হয়েছিল?

(f) What do you mean by *'saguna'* and *'nirguna'* categories of the Bhakti traditions ?

ভক্তিমার্গের 'স-গুণ' ও 'নির্গুণ' ধারা বলতে কী বোঝ?

(g) Who first discovered Hampi and when ?

'হাম্পী' প্রথমে কে এবং কবে আবিষ্কার করেছিলেন?

(h) Why did Abu'l Fazl describe painting as 'magical art' ?

আবুল ফজল কেন চিত্রকলাকে 'ভেল্কিবাজী' কলা বলেছিলেন?

(i) Name the *two* leaders of the Khilafat Movement.

খিলাফৎ আন্দোলনের নেতাদ্বয়ের নাম লেখো।

(j) Why did Gandhiji consider Hindustani to be the national language of India ?

মহাত্মা গান্ধী হিন্দুস্থানীকে কেন ভারতবর্ষের জাতীয় ভাষা বলে বিবেচনা করেছিলেন?

(k) What were 'qasbah' and 'ganj' ?

'qasbah' এবং 'ganj' কী?

(l) Why was Gandhiji's Salt March important in the Indian National Movement ?

ভারতীয় জাতীয় আন্দোলনে গান্ধীজীর লবণযাত্রা কেন গুরুত্বপূর্ণ ছিল?

3. Answer the following questions : ***(any eight)*** 5×8=40

নিচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ *(যে কোনো আটটি)*

(a) Mention the causes of the rise of Magadha.

মগধের উত্থানের কারণগুলির উল্লেখ করো।

(b) Write a note on the economic condition of Ancient Assam.

প্রাচীন অসমের অর্থনৈতিক অবস্থার উপর একটি টীকা লেখো।

(c) Give a brief description of the administrative system of the Ahoms.

অহোমদের শাসনব্যবস্থার একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(d) Who was Al-Biruni ? What did he say about the caste system in India ? 1+4=5

আল-বেরুণী কে ছিলেন? ভারতবর্ষের জাতিভেদ প্রথা সম্পর্কে তিনি কি বলে গেছেন?

(e) Who were the 'amara-nayakas' ? What role did they play in the Vijayanagara empire ? 1+5=5

'অমারা-নায়ক' কারা? বিজয়নগর সাম্রাজ্যে তাঁরা কী ভূমিকা পালন করেছিলেন?

(f) Write a note on the nobility of the Mughals.

মোগল অভিজাত সম্প্রদায়ের বিষয়ে একটি টীকা লেখো।

(g) What was Permanent Settlement ? Why did the Zamindars fail to meet the revenue demand ? 2+3=5

চিরস্থায়ী বন্দবস্ত কী? জমিদাররা নির্ধারিত খাজনা জমা দেওয়াতে কেন ব্যর্থ হয়েছিলেন?

(h) What were the measures adopted by the British to suppress the Revolt of 1857 ?

১৮৫৭ সালের বিদ্রোহ দমন করতে ব্রিটিশ কী কী ব্যবস্থা গ্রহণ করেছিল?

(i) What is communalism ? Mention the causes which contributed to the growth of communalism in India. 2+3=5

সাম্প্রদায়িকতাবাদ কী? ভারতবর্ষে সাম্প্রদাকিতাবাদ বেড়ে ওঠার কারণগুলি উল্লেখ করো।

(j) What do you mean by Oral source ? How does it help in writing the history of the partition of India ? 1+4=5

মৌখিক উৎস বলতে কী বোঝ? ভারত বিভাজনের ইতিহাস তৈরীতে এই উৎস কিভাবে সাহায্য করেছিল?

4. Read the given passages carefully and the questions that follow :

নিচের পাঠটি ভাল করে পড়ে নিয়ে প্রশ্নগুলির উত্তর লেখো ঃ

(a) **How artefacts are identified**

Processing of food required grinding equipment as well as vessels for mixing, blending and cooking. These were made of stone, metal and terracotta. This is an excerpt from one of the earliest reports on excavations at Mohenjodaro, the best-known Harappan site :

Saddle querns ... are found in considerable numbers ... and they seem to have been the only means in use for grinding

cereals. As a rule, they were roughly made of hard, gritty, igneous rock or sandstone and mostly show signs of hard usage. As their bases are usually convex, they must have been set in the earth or in mud to prevent their rocking. Two main types have been found : those on which another smaller stone was pushed or rolled to and fro, and others with which a second stone was used as a pounder, eventually making a large cavity in the nether stone. Querns of the former type were probably used solely for grain; the second type possibly only for pounding herbs and spices for making curries. In fact, stones of this latter type are dubbed "curry stones" by our workmen and our cook asked for the loan of one from the museum for use in the kitchen.

FROM ERNEST MACKAY, *Further Excavations at Mohenjodaro,* 1937.

Questions :

*(i)* What was the equipment used for grinding cereals ? 1

*(ii)* What were the materials used for making grinding equipment ? 2

*(iii)* What were the types of grinding equipment ? How were they used ? 1+2=3

**দৈনন্দিন জীবনে ব্যবহৃত হস্তনির্মিত যন্ত্রগুলি কিভাবে শনাক্ত করা হয়**

খাদ্য প্রস্তুত প্রণালীর প্রাথমিক কার্যবিধির জন্য চূর্ণন-যন্ত্র (জাঁতা) তথা মিশ্রণ, গুঁড়ো করা ও রন্ধণের জন্য পাত্রের প্রয়োজন। এ সমস্ত পাত্র পাথর, ধাতু ও শক্তমাটির দ্বারা তৈরী। এই বিষয়ে হরপ্পা সভ্যতার সবচাইতে বেশী পরিচিত স্থান মহেনজোদারোতে খননকার্য সম্বন্ধীয় এক বিবরণের উদ্ধৃতি নিচে সন্নিবিষ্ট হলো —

বহুসংখ্যক হস্তচালিত পাথরের... জাঁতার আবিষ্কার প্রমাণ করে যে, বীজ, শস্য গুঁড়ো করার

এটাই ছিল একমাত্র যন্ত্র। নিয়মানুসারে, এগুলো তৈরী হয়েছিল কঠিন, অমসৃন আগ্নেয়শিলা অথবা বেলেপাথর (বালুশিলা) দিয়ে এবং কঠিনভাবে ব্যবহারের চিহ্ন বেশীরভাগ জিনিসে দেখা গেছে। এগুলির তলদেশ সাধারণত উত্তল (ডিম্বাকৃতি/ধনু আকৃতি) হওয়ায় এর নড়াচড়া বন্ধ করার জন্য নিশ্চয় মাটি বা কাদায় দৃঢ়ভাবে রাখা হতো। জাঁতাগুলি ছিল দুই ধরনের — কিছু কিছু অন্য একটি ছোট (ক্ষুদ্রাকৃতির) পাথর সামনে/পিছনে ঠেলে ও ফেলে দিয়ে জিনিষ পেষাই হতো ও অন্যক্ষেত্রে জিনিস থেঁতলাতে বা গুঁড়ো করতে দ্বিতীয় একটি শিল (পাথর) ব্যবহার করা হতো। এর ফলে জাঁতার নিচের অংশের মাটিতে একটি বৃহৎ গর্তের সৃষ্টি হতো। প্রথম ধরনের জাঁতা সম্ভবত শুধুমাত্র বীজশষ্যের জন্য ব্যবহৃত হতো এবং দ্বিতীয় ধরনের ব্যবহার বনৌষধি বা শাকপাতা থেঁতলাবার জন্য বা রান্নার জন্য মশলা তৈরীতে সীমাবদ্ধ ছিল। সাধারণত, দ্বিতীয় ধরনের জাঁতায় ব্যবহৃত পাথরকে আমাদের শ্রমিকরা 'তরকারীর মশলা গুঁড়ো করা পাথর' নাম দিয়েছিল আর রাঁধুনি একে যাদুঘরের থেকে ধারে এনে রান্নাঘরে ব্যবহার করার জন্য চেয়েছিল।

*(আর্নেষ্ট ম্যাকের, ফার্দার এক্সাভেশন অফ্ মহেনজোদারো, ১৯৩৭)*

প্রশ্নসমূহ ঃ

*(i)* শস্যের বীজ গুঁড়ো করতে কোন যন্ত্র ব্যবহার করা হতো? 1

*(ii)* শস্য গুঁড়ো করার যন্ত্র প্রস্তুত করতে কী ব্যবহার করা হতো? 2

*(iii)* শস্য গুঁড়ো করার যন্ত্র কী কী ছিল? এগুলির ব্যবহার কিভাবে করা হতো? 1+2=3

***Or / অথবা***

*(a)* **How could men and women acquire wealth ?**

For men, the *Manusmriti* declares, there are seven means of acquiring wealth : inheritance, finding, purchase, conquest, investment, work, and acceptance of gifts from good people.

For women, there are six means of acquiring wealth : what was given in front of the fire (marriage) or the bridal procession, or as a token of affection, and what she got from her brother, mother or father. She could also acquire wealth

through any subsequent gift and whatever her "affectionate" husband might give her.

Questions :

*(i)* What were the means of acquiring wealth for men and women ? 4

*(ii)* Do you think that the means of acquiring wealth differentiated men and women ? If so, how ? 2

পুরুষ ও মহিলা কিভাবে সম্পদ আহরণ করতে পারে?

মনুস্মৃতি পুরুষদের জন্য উপার্জনের ক্ষেত্রে যে সাতটি উপায়ের ঘোষণা করেছে, সেগুলি হল ঃ উত্তরাধিকার সূত্রে, ক্রয়, বিজয়, কোনো কার্যে অর্থের বিনিয়োগ, কর্ম ও সজ্জন ব্যক্তির থেকে উপহার গ্রহণ।

নারীর ক্ষেত্রে এরকম ছয়টি উপায়ের অন্যতম হল ঃ (বিবাহের সময়) অগ্নিসাক্ষী করে দেওয়া সম্পদ, শোভাযাত্রা করে বধূ আনার সময় বা ভালবেসে দেওয়া বিভিন্ন উপহার, পিতা-মাতা ও ভ্রাতা থেকে প্রাপ্ত ধন-সোনা আদি। এছাড়াও (বিবাহের পর) প্রাপ্ত উপহার ও স্বামীর 'স্নেহ-অনুরাগ'-এর উপহারকে নারীর সম্পদ বলে ধরা হয়।

প্রশ্নসমূহ ঃ

*(i)* পুরুষ ও মহিলা কী কী উপায়ে সম্পদ আহরণ করতো? 4

*(ii)* তুমি কি মনে করো সম্পদ আহরণের ক্ষেত্র পুরুষ ও মহিলাকে পৃথক করেছে? যদি তাই মনে করো, কীভাবে? 2

*(b)* **'Great' and 'little' traditions**

The terms great and little traditions were coined by a sociologist named Robert Redfield in the twentieth century to describe the cultural practices of peasant societies. He found

that peasants observed rituals and customs that emanated from dominant social categories, including priests and rulers. These he classified as part of a great tradition. At the same time, peasants also followed local practices that did not necessarily correspond with those of the great tradition. These he included within the category of little tradition. He also noticed that both great and little traditions changed over time, through a process of interaction.

While scholars accept the significance of these categories and processes, they are often uncomfortable with the hierarchy suggested by the terms great and little. The use of quotation marks for "great" and "little" is one way of indicating this.

Questions :

*(i)* Who coined the terms 'great' and 'little' tradition and why? 2

*(ii)* What do 'great' and 'little' tradition mean ? 3

*(iii)* How do these traditions change ? 1

মুখ্য ও গৌণ পরম্পরা

মুখ্য ও গৌণ পরম্পরা শব্দ দুটি কৃষিজীবী সমাজের সাংস্কৃতিক পরম্পরার অধ্যয়নের ক্ষেত্রে ঊনবিংশ শতাব্দীতে রবার্ট রেডফিল্ড নামে একজন সমাজবিজ্ঞানী উদ্ভাবন করেছিলেন। তিনি লক্ষ্য করেছিলেন যে, কৃষকের পালন করা পূজা-অর্চনা ও রীতিনিয়মগুলি সমাজের প্রভাবশালী শ্রেণী বিশেষভাবে পুরোহিত ও শাসক গোষ্ঠী দ্বারা অনুসরণ করা ঐতিহ্য-পরম্পরা থেকে অনুসৃত হতো। তিনি তাঁদের মুখ্য বা বৃহৎ পরম্পরা রূপে শ্রেণীভুক্ত করেছিলেন। সেই একই সময়ে অবশ্য কৃষকরা অঞ্চলভেদে প্রাপ্ত ও মুখ্য পরম্পরার বিপরীতে অন্য আঞ্চলিক রীতি-নীতি, আচার-অনুষ্ঠান পালন করতো। সেগুলিকে তিনি গৌণ-পরম্পরার অন্তর্ভুক্ত করেছিলেন। সেইসঙ্গে তিনি এও লক্ষ্য করেছিলেন যে সময়ের সঙ্গে সঙ্গে ও পারস্পরিক সম্পর্কের পরিণতিস্বরূপ মুখ্য ও গৌণ উভয় ঐতিহ্যই পরম্পরাগত ভাবে পরিবর্তিত হতো।

পণ্ডিতেরা ঐতিহ্য পরম্পরার উক্ত শ্রেণী বিভাজন ও প্রক্রিয়ার কথাটি মেনে নিলেও তাঁরা এইক্ষেত্রে মুখ্য ও গৌণ শব্দ সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেননি। সেইজন্য অসন্তুষ্টির কথা বোঝাতে "মুখ্য" ও "গৌণ" শব্দ দুটি উর্ধ্বকমার মধ্যে দেখানো হয়েছে।

প্রশ্নসমূহ ঃ

(i) 'মুখ্য' ও 'গৌণ' পরম্পরা শব্দ দুটি কে এবং কেন উদ্ভাবন করেছিলেন? 2

(ii) 'মুখ্য' ও 'গৌণ' পরম্পরা বলতে কী বোঝায়? 3

(iii) এই পরম্পরাগুলির কীভাবে পরিবর্তন হয়? 1

***Or / অথবা***

*(b)* **Cash or Kind**

**The *Ain* on land revenue collection :**

Let him (the *amil-guzar*) not make it a practice of taking only in cash but also in kind. The latter is effected in several ways. First, *kankut* : in the Hindi language *kan* signifies grain, and *kut*, estimates ... If any doubts arise, the crops should be cut and estimated in three lots, the good, the middling, and the inferior, and the hesitation removed. Often, too, the land taken by appraisement, gives a sufficiently accurate return. Secondly, *batai*, also called *bhaoli*, the crops are reaped and stacked and divided by agreement in the presence of the parties. But in this case several intelligent inspectors are required; otherwise, the evil-minded and false are given to deception. Thirdly, *khet-batai*, when they divide the fields after they are sown. Fourthly, *lang batai*, after cutting the grain, they form it in heaps and divide it among themselves, and each takes his share home and turns it to profit.

Questions :

*(i)* Who were the amil-guzars ? 1

(ii) What was the medium of land revenue collection ? 1

(iii) What were the methods of collecting land revenue in kind ? 4

মুদ্রা না বস্তু

ভূমিরাজস্ব সংগ্রহ বিষয়ে আইন ঃ

আমিল-গুজারকে শুধুমাত্র টাকার মাধ্যমে খাজনা সংগ্রহ না করে শস্যের মাধ্যমেও খাজনা সংগ্রহের ব্যবস্থা চালু রাখতে বলা হয়েছে। পরবর্তী মাধ্যমের দ্বারা খাজনা সংগ্রহ বিভিন্ন উপায়ে করা হয়েছিল। প্রথমে কানকুত, হিন্দীতে 'কান' শব্দের অর্থ হল শস্য ও 'কুত' — পরিমাণ নিরূপণ করা...। এক্ষেত্রে কোন ধরনের সন্দেহের অবকাশ থাকলে শস্য কেটে এনে তিনটি ভাগে ভাগ করা হয় — ভাল, মধ্যম, নিকৃষ্ট। এই বিভাজনের দ্বারা সন্দেহ দূর করা হয়। অনেকসময় ভূমির মূল্য নিরূপণ করেও সেটা করা হয়, এই ব্যবস্থাই যথাযথ সঠিক খাজনা পেতে সাহায্য করে। দ্বিতীয়টি হল বাতাই বা ভাওলী, শস্য ওঠার পর তা মজুত করে রেখে সেটা চুক্তিমতে জড়িত অংশীদারদের মধ্যে তাদের উপস্থিতিতে ভাগ করা হয়। এক্ষেত্রে অবশ্য কিছু চতুর পরিদর্শকের প্রয়োজন হয়, অন্যথা অসৎ প্রবৃত্তির ও ভুয়া লোকের প্রতারণা করার অবকাশ থাকে। তৃতীয়তঃ, খেত বাতাই, শস্যের বীজ রোপণের পর শস্য-ক্ষেত্র বিভাজন করা হয়। চতুর্থতে, লাং-বাতাই, শস্য কাটার পর জড়ো করে রাখে ও পরে নিজেদের মধ্যে ভাগ করে নেয়। এই ভাগাভাগি করার পর প্রত্যেকে নিজের অংশটুকু বাড়ীতে নিয়ে যায় এবং লাভে পরিণত করে।

প্রশ্নসমূহ ঃ

(i) আমিল-গুজার কারা? 1

(ii) ভূমি রাজস্ব কিসের মাধ্যমে সংগ্রহ করা হতো? 1

(iii) কী ভাবে ভূমি রাজস্ব শস্যের মাধ্যমে সংগ্রহ করা হতো? 4

(c) **What maps reveal and conceal**

The development of survey methods, accurate scientific instruments and British imperial needs meant that maps were prepared with great care. The Survey of India was established

in 1878. While the maps that were prepared give us a lot of information, they also reflect the bias of the British rulers. Large settlements of the poor in towns went unmarked on maps because they seemed unimportant to the rulers. As a result it was assumed that these blank spaces on the map were available for other development schemes. When these schemes were undertaken, the poor were evicted.

Questions :

(i) When was the Department of Survey of India established ? 1

(ii) To which source do the survey reports and maps belong ? 1

(iii) How do the maps prepared by the British reflect their biasness ? 4

**মানচিত্রসমূহ কী প্রকাশ করে ও কী গুপ্ত রাখে**

গণনা পদ্ধতির বিকাশ, নিখুঁত বৈজ্ঞানিক সরঞ্জাম ও বৃটিশের সাম্রাজ্যবাদী স্বার্থ বুঝিয়ে দিয়েছিল যে মানচিত্রগুলি অতি যত্নসহকারে প্রস্তুত করা হয়েছিল। বৃটিশ সরকার ভারতীয় জরীপ বিভাগ প্রতিষ্ঠা করেছিল। ১৮৭৮ খৃঃ প্রস্তুত করা মানচিত্রে বহু প্রয়োজনীয় তথ্য যোগান দেবার সঙ্গে সঙ্গে এতে বৃটিশ শাসকদের পক্ষপাতিত্বও প্রতিফলিত হয়।

নগরের দরিদ্র জনতার বিশাল বসতি এই সমস্ত মানচিত্রে চিহ্নিত করা হতো না, কেননা শাসকদের দৃষ্টিতে এগুলির কোনো গুরুত্ব ছিল না। এর ফলে এই কথা ধরে নেওয়া হতো যে, মানচিত্রের এই খালি জায়গাগুলি অন্যান্য বিকাশমূলক পরিকল্পনার জন্য রাখা হয়েছে। যখনই কোনো উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হতো, তখনই দরিদ্রদের সেখান থেকে উচ্ছেদ করা হতো।

প্রশ্নসমূহ ঃ

(i) ভারতে জরীপবিভাগ কোন সালে স্থাপন করা হয়েছিল? 1

(ii) জরীপের প্রতিবেদন ও মানচিত্র কোন উৎসের অন্তর্গত? 1

(iii) বৃটিশ দ্বারা প্রস্তুত করা মানচিত্রগুলি কিভাবে তাদের পক্ষপাতিত্ব প্রতিফলিত করে? 4

***Or / অথবা***

(c) **"The real minorities are the masses of this country"**

Welcoming the Objectives Resolution introduced by Jawaharlal Nehru, N.G. Ranga said :

Sir, there is a lot of talk about minorities. Who are the real minorities ? Not the Hindus in the so-called Pakistan provinces, not the Sikhs, not even the Muslims. No, the real minorities are the masses of this country. These people are so depressed and oppressed and suppressed till now that they are not able to take advantage of the ordinary civil rights. What is the position ? You go to the tribal areas. According to law, their own traditional law, their tribal law, their lands cannot be alienated. Yet our merchants go there, and in the so-called free market they are able to snatch their lands. Thus, even though the law goes against this snatching away of their lands, still the merchants are able to turn the tribal people into veritable slaves by various kinds of bonds, and make them hereditary bond-slaves. Let us go to the ordinary villagers. There goes the money-lender with his money and he is able to get the villagers in his pocket. There is the landlord himself, the zamindar, and the *malguzar* and there are the various other people who are able to exploit these poor villagers. There is no elementary education even among these

people. These are the real minorities that need protection and assurances of protection. In order to give them the necessary protection, we will need much more than this Resolution ...

*CAD*, VOL.II

Questions :

(i) Who are according to N.G. Ranga the real minorities ? 1

(ii) Why are they the real minorities ? 3

(iii) Why do they need protection ? 2

প্রকৃত সংখ্যালঘুরাই এদেশের জনসাধারণ

জওহরলাল নেহেরু উত্থাপন করা উদ্দেশ্যমূলক প্রস্তাবটিকে স্বাগত জানিয়ে এন.জি. রঙ্গা বলেছিলেন ঃ

"স্যার, সংখ্যালঘুর বিষয়ে অনেক কথা-বার্তা হল। প্রকৃত সংখ্যালঘু কারা? তথাকথিত পাকিস্থানের প্রদেশে হিন্দুরা, শিখরা এমন কি মুসলমানরাও নয়, প্রকৃত সংখ্যালঘুরা হল দেশের জনসাধারণ। এই মানুষেরা এখনও অবহেলিত ও নিষ্পেষিত এবং অবদমিত। সেজন্য সাধারণ সামাজিক অধিকারের সুবিধা গ্রহণে অসমর্থ, অবস্থাটি কি ধরনের? আপনি জনজাতি অঞ্চলে যান — আইনমতে, তাদের নিজস্ব পরম্পরাগত নিয়ম-কানুন, তাদের জনজাতীয় আইন, তাদের জমি থেকে তাদের বিচ্ছিন্ন করে নিতে পারে না। তবুও আমাদের ব্যবসায়ীরা এই জনজাতি এলাকায় গিয়ে মুক্ত বাজারের নামে তাদের জমি কেড়ে নেয়। এইভাবে যদিও তাদের জমি কেড়ে নেওয়াটা আইনবিরোধী, এখনো ব্যবসায়ীরা জনজাতীয় লোকেদের বিভিন্ন প্রকারের চুক্তিপত্রের মাধ্যমে বিভিন্ন ধরনের দাস হিসাবে ব্যবহার করছে এবং বংশানুক্রমিক চুক্তিবদ্ধ দাসত্বে রূপান্তরিত করছে। এখন আমরা সাধারণ গ্রামবাসীদের কাছে যাই — সেখানে টাকা ধার দেওয়ার লোকেরা পকেটে টাকা নিয়ে যায় ও গ্রামবাসীদের তাদের পকেটে পুরে রাখতে সক্ষম হয়। সেখানে স্বয়ম্ভু জমির মালিক, জমিদার ও মালগুজারের সঙ্গে অন্যান্য ধরনের লোকও আছে, যারা এইসমস্ত দরিদ্র গ্রামবাসীদের শোষণ করতে সক্ষম হচ্ছে। এই মানুষগুলির এমনকি প্রাথমিক শিক্ষাও নেই।

এরাই প্রকৃত সংখ্যালঘু যাদের সুরক্ষার জন্য আশ্বাসের প্রয়োজন। তাদের প্রয়োজনীয় সুরক্ষা দেবার জন্য আমার এই প্রস্তাবের থেকেও অনেক বেশী জরুরী কর্মপন্থার।"

*CAD,* VOL.II

প্রশ্নসমূহ ঃ

*(i)* এন.জি. রঙ্গার মতে প্রকৃত সংখ্যালঘু কারা? 1

*(ii)* তারা কেন প্রকৃত সংখ্যালঘু? 3

*(iii)* কেন এদের সুরক্ষার প্রয়োজন? 2

5. Draw a map of India and mark the following places ? 3+3=6

Pataliputra, Agra, Amritsar, Chennai, Kolkata and Garhgaon.

ভারতের একটি মানচিত্র অঙ্কন করে নিচের নির্দিষ্ট স্থানসমূহ চিহ্নিত করো ঃ

পাটলিপুত্র, আগ্রা, অমৃতসর, চেন্নাই, কোলকাতা ও গড়গাঁও।

***Or / অথবা***

Write a note on the Revolt of 1857 in Assam. 6

অসমে ১৮৫৭ সালের বিদ্রোহ সম্পর্কে একটি টীকা লেখো।

———×———